গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-৪৮

**আগামীকাল প্রধান নির্বাচন কমিশনার রাজশাহী সফর করবেন**

রাজশাহী, ০৬ ভাদ্র (২১ আগস্ট):

প্রধান নির্বাচন কমিশনার এ, এম, এম, নাসির উদ্দিন নির্বাচন সংশ্লিষ্টদের সাথে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সংক্রান্ত মতবিনিময় করতে আগামীকাল শুক্রবার (২২ আগস্ট) রাজশাহী আসবেন। তিনি বিকাল সোয়া ছয়টায় বিমানযোগে রাজশাহী এসে পৌঁছাবেন এবং সার্কিট হাউজে রাত্রিযাপন করবেন।

শনিবার (২৩ আগস্ট) সকাল দশটায় রাজশাহী আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে (আরপিএটিসি) রাজশাহী অঞ্চলের বিভিন্ন পর্যায়ের নির্বাচন কর্মকর্তাগণের সাথে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সংক্রান্ত মতবিনিময় সভায় অংশগ্রহণ করবেন।

ওইদিন বিকাল সাড়ে তিনটায় তিনি রাজশাহী বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলনকক্ষে প্রশাসন ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের সাথে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সংক্রান্ত মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

রবিবার (২৪ আগস্ট) সকাল সাড়ে আটটায় তিনি বিমানযোগে ঢাকার উদ্দেশ্যে রাজশাহী ত্যাগ করবেন।

.......................................................

রুহুল/তৌহিদ/স্মিতা/হালিম/২০২৫/১১.৩০ ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd